# ফেব্রুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত শৈলকুপা উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

| | | | | |
|---|---|---|---|---|
| সভাপতি : | মোছাঃ শেফালী বেগম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ। | স্থান<br>তারিখ<br>সময় | :<br>:<br>: | উপজেলা পরিষদ মিলনায়তন।<br>২৩/০২/২০২২ খ্রিঃ।<br>বেলা- ১১.০০ টা। |

উপস্থিতি : সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- "ক"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে উপজেলা চেয়ারম্যান মোছাঃ শেফালী বেগম জানান, বর্তমানে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের হার বেড়েছে। ফলে আমাদের সকলকে মাস্ক ব্যবহারসহ কঠোরভাবে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে ও সাবধান থাকতে হবে। এছাড়াও সরকারের সকল নির্দেশনা মেনে চলতে হবে। অতঃপর আনুষ্ঠানিকভাবে সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহ্বান জানালে তিনি সভা পরিচালনা করেন।

পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন : গত ১৮/০১/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

বিভাগওয়ারি আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:<br>প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ সভায় জানান, এ পর্যন্ত অত্র উপজেলায় ১৫৬৫ জন "কোভিড-১৯" এ আক্রান্ত হয়েছে। তন্মধ্যে ১৫২০ জন সুস্থ হয়েছে। স্বাস্থ্য বিশেষজ্ঞদের পরামর্শ মোতাবেক সকলকে সদা সতর্ক থাকতে হবে এবং সরকারের সকল নির্দেশনাসহ স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। ঘরের বাইরে গেলে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে, সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে এবং বাইরে থেকে ঘরে প্রবেশের আগে অবশ্যই ভালো করে ফেনাযুক্ত সাবান দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড ধরে হাত ধৌত করতে হবে। তাছাড়া জানুয়ারি ২০২২ মাসে বহিঃ বিভাগে ৭১২৬ জন ও জরুরি বিভাগে ২২৩০ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। সিজারিয়ান রোগীর সংখ্যা ০৭ জন এবং নরমাল ডেলিভারী করা হয়েছে ৬০ জন। সরকারি নিয়ম অনুযায়ী ১৮৮০০১/- টাকা আয় হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) করোনা ভাইরাস প্রতিরোধে সতর্ক থাকতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।<br>খ) এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার। |
| ০২ | উপজেলা প্রকৌশল বিভাগ:<br>প্রতিনিধি, উপজেলা প্রকৌশল (এলজিইডি) দপ্তর সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতে ১ম, ২য় ও ৩য় কিস্তিতে যথাক্রমে ২৭,১৬,০০০/-, ২৭,১৬,০০০/- ও ২৭,১৬,০০০/- মোট=৮১,৪৮,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থে বিধি মোতাবেক বিভাজনপূর্বক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তিনি আরও জানান, পিইডিপি-৪ এর আওতায় প্রথম পর্যায়ে ১৪টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৪টি বিদ্যালয়ের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে এবং বাকী ১০টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। তাছাড়াও, চলতি অর্থবছরে ১১টি বিদ্যালয়ের মধ্যে ৯টি বিদ্যালয়ের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং বাকী ০২টি বিদ্যালয়ের কার্যাদেশ প্রদান প্রক্রিয়াধীন রয়েছে। নতুন জাতীয়করণকৃত ২২টি প্যাকেজের ৩৪টি বিদ্যালয়ের মধ্যে ২৪টির কাজ শতভাগ শেষ হয়েছে এবং ১০টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজের আওতায় ১ বিদ্যালয়ের টিনসেডের অনুমোদন পাওয়া যায় কিন্তু বিদ্যালয় পরিচালনা কমিটি টিনসেড বিদ্যালয় নির্মাণের আপত্তি উত্থাপন করেছেন। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) বরাদ্দ প্রাপ্ত অর্থ বিধি মোতাবেক বিভাজনপূর্বক ইউপি চেয়ারম্যানগণের নিকট থেকে প্রকল্প আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নিবিড় তদারকির মাধ্যমে বাস্তবায়নাধীন সকল কাজের গুণগতমান নিশ্চিত করতে হবে।<br>গ) টিনসেড বিদ্যালয় নির্মাণের বিষয়ে বিধিবিধান অনুযায়ী উপজেলা শিক্ষা অফিসার পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন।<br>ঘ) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও<br>সকল ইউপি চেয়ারম্যান। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ:<br>প্রতিনিধি, উপজেলা কৃষি বিভাগ সভায় জানান, প্রণোদনা কর্মসূচীর আওতায় অত্র উপজেলায় চলতি রবি ২০২১-২০২২ মৌসুমে ১৫০০ জন বোরো চাষীর প্রত্যেককে ৫কেজি উফসী বীজ, ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার এবং ২৮০০জন চাষীকে বোরো হাউব্রিড ধান চাষের জন্য বিনামূল্যে ২কেজি হারে বীজ প্রদান করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা । |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | <u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর :</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর আওতায় সাধারণ উন্নয়ন খাতে ১ম কিস্তিতে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্পের কাজ বাস্তবায়নাধীন আছে। অত্র উপজেলায় ১১টি বীর নিবাস নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে এবং চলতি সনে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় গৃহীত প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্পে ১.৫০০ মিটার রাস্তার কাজের বিষয়ে ঠিকাদার বরাবর performance security চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড করণ প্রকল্পে ১.৫০০ মিটার নতুন রাস্তার বরাদ্দ পাওয়া গেছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) নিবিড় তদারকির মাধ্যমে বিধি মোতাবেক প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে।<br>খ) ৪০দিনের কর্মসূচী যথাসময়ে বাস্তবায়নের জন্য দ্রুত প্রকল্প দাখিল করতে হবে।<br>গ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান। |
| ০৫ | <u>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর:</u><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, বার্ড ফ্লুসহ সকল সংক্রামক রোগ ও "ল্যাম্পি স্কিন ডিজিস" নিয়ন্ত্রণে রয়েছে। তিনি আরও জানান, জানুয়ারি ২০২২ মাসে ২৪৫০ টি গবাদী পশু ও ১২০০৫ টি হাস-মুরগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে এবং ১২৫৬০টি গবাদী পশু, ১১৪০০টি হাঁস-মুরগী ও কবুতরের টিকা প্রদান করা হয়েছে। তাছাড়াও, পোষা প্রাণি চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে ০৫ টি। পশু চিকিৎসা সেবাসহ রোগ প্রতিরোধ ব্যবস্থাপনা, কৃত্রিম প্রজনন ও অন্যান্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রাজস্ব আয় হয়েছে ৪৮৬৬০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা । |
| ০৬ | <u>উপজেলা মৎস্য দপ্তর :</u><br>অনুপস্থিত। দাপ্তরিক আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ০৭ | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, জানুয়ারি ২০২২ মাসে স্থায়ী পদ্ধতি দেয়া হয়েছে ১৩ জনকে, দীর্ঘ মেয়াদি পদ্ধতি দেয়া হয়েছে ১৪৯৫ জনকে এবং অস্থায়ী পদ্ধতির জন্য উপকরণ বিতরণ হয়েছে মোট ৩৩৭১৬ পিস। গর্ভবতী মায়ের যত্ন ৬২৬ জন, গর্ভোত্তর মায়ের যত্ন ০৭ জন, প্রসব সেবা ০৭ জন, শিশু পরিচর্যা ১৬৮৪ জন এবং ৬১১৭ জন সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) পরিবার পরিকল্পনা সেবায় এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ০৮ | <u>উপজেলা সমাজসেবা দপ্তর:</u><br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে এ উপজেলায় বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার বরাদ্দ অনুযায়ী নীতিমালার ভিত্তিতে বিতরণ করা হয়েছে। বর্তমানে সকল প্রতিস্থাপন ভাতাভোগীর এম আই এস ও নগদ হিসাব খোলা চলমান আছে। তিনি আরও জানান, ইউনিয়ন ও পৌরসভা পর্যায়ে বয়স্ক ভাতা ২১১৫৫ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা ১০৬৩৯ জন, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা ৬৬৪৮ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ১৭৮ জন, হিজরা বয়স্ক ভাতা ০৫ জন, হিজড়া শিক্ষার্থী উপবৃত্তি ০৫ জন, দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের বয়স্ক ভাতা ৯০ জন এবং দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের শিক্ষা উপবৃত্তি ৫৩ জন ব্যক্তিদের মধ্যে নির্ধারিত হারে ভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া প্রতিবন্ধী সনাক্তকরণ ও প্রতিবন্ধী পরিচয়পত্র বিতরণ এবং বিভিন্ন ভাতাভোগীদের তথ্যাদি লিপিবদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথাযথ মর্যাদায় জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন করা হয়েছে এবং শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের নিয়ে শিক্ষকপুল গঠন করা হয়েছে। এ ছাড়াও দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ১০ | উপজেলা শিক্ষা দপ্তর:<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে প্রাথমিক বিদ্যালয়ের ক্লাস বন্ধ ছিল। বর্তমানে কোভিড-১৯ এর সংক্রমণ কমে আসায় ০২/০৩/২০২২ খ্রিঃ তারিখে সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলার সম্ভাবনা রয়েছে। ক্লাস শুরুর পূর্বেই শতভাগ বই বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলকের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল শিক্ষার্থীর মাঝে বই বিতরণ সম্পন্ন করতে হাবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার। |
| ১১ | খাদ্য বিভাগ:<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অত্র উপজেলায় খাদ্য মজুদ পরিস্থিতি সন্তোষজনক রয়েছে এবং ২০২১-২০২২ অর্থবছরের আমন সংগ্রহের মেয়াদ ২৮/০২/২০২২ তারিখে সমাপ্ত হবে। তিনি আরও জানান, বর্তমান চালের বাজারের উর্ধ্বগতি হওয়ায় সরকার ঘোষিত শৈলকুপা পৌরসভার ০৪টি স্থানে নায্যমূল্যে চাল ও আটা বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে এবং আগামী মার্চ ২০২২ হতে এপ্রিল ২০২২ পর্যন্ত প্রথম পর্যায়ের খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় ডিলারদের মাধ্যমে ১০/- টাকা কেজি দরে ফেয়ার প্রাইসের চাল বিক্রয় কার্যক্রম শুরু হবে।এ ছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) নির্ধারিত সময়ের মধ্যে সরকারি নির্দেশনা মোতাবেক আমন ধান/চাল ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |
| ১২ | উপজেলা নির্বাচন অফিস:<br>উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান, গত ৭ ফেব্রুয়ারি ও ১০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ তারিখে যথাক্রমে মনোহরপুর ও নিত্যানন্দপুর ইউনিয়নে ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে সভার মাধ্যমে ধন্যবাদ জানান। তিনি আরও জানান, জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত সেবাসমূহ ( নতুন ভোটার নিবন্ধন, ভোটার স্থানান্তর, জাতীয় পরিচয়পত্র হারানো, জাতীয় পরিচয়পত্র সংশোধন) অনলাইনে চালু রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) বিগত দিনের নির্বাচনের মতো মনোহরপুর ও নিত্যানন্দপুর ইউনিয়নের নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার। |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তর:<br>প্রতিনিধি, উপজেলা মহিলা বিষয়ক দপ্তর জানান, ইউনিয়ন পর্যায়ে ২৩৮২ জন উপকার ভোগীর অনুকূলে জানুয়ারি ২০২২ মাসের খাদ্য শস্য ছাড় করা হয়েছে। তিনি আরও জানান, ২০২১-২০২২ অর্থ বছরে IMLMA (উন্নত মাতৃত্বকাল এবং ল্যাকটেটিং মাদার) সহায়তা কর্মসূচীর আওতায় কোন বরাদ্দ পাওয়া যায়নি। তাছাড়াও ২০১৯-২০ অর্থ বছরে ৪১০ জন ল্যাকটেটিং মাদার সহায়তা এবং দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কার্যক্রমের আওতায় ৭১০ জন ভাতাভোগীর ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে এবং ২০২০-২০২১ অর্থ বছরে IMLMA (উন্নত মাতৃত্বকাল এবং ল্যাকটেটিং মাদার) সহায়তা তহবিলের আওতায় ২৭৪ জন ল্যাকটেটিং মাদার সহায়তা এবং ৩৮৬৯ জনকে উন্নত মাতৃত্বকাল ভাতা প্রদান করা হয়েছে। তাছাড়া বাল্য বিবাহ ও আত্মহত্যা প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রয়েছে। এ ছাড়া দাপ্তরিক রুটিন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, জানুয়ারি ২০২২ মাসে আদায়যোগ্য যুব ঋণের পরিমাণ ৩,৫০,০০০/- এবং আদায়কৃত ঋণের পরিমাণ ২,৯৮,১০০/- টাকা। চলতি মাসে ঋণ খেলাপি থেকে আদায় ১৪০০০/- টাকা এবং কিস্তি খেলাপি থেকে আদায় ৬০,১০০/- টাকা। তিনি আরও জানান, ২০২১-২০২২ অর্থ বছরে যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৪৯,৩০,০০০/- টাকা। চলতি মাস পর্যন্ত যুব ঋণ বিতরণের পরিমাণ ২৬,৬০,০০০/- টাকা। তাছাড়াও চলতি অর্থ বছরে জানুয়ারি ২০২২ মাস পর্যন্ত ২৭০ জন যুবককে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | উপজেলা সমবায় দপ্তর:<br>উপজেলা সমবায় অফিসার জানান, মোট ৭১টি সমিতির বিপরীতে সদস্য সংখ্যা ৪৭৩০ জন। জানুয়ারি ২০২২ মাসে কোন ঋণ বিতরণ করা হয়নি। এ পর্যন্ত মোট ঋণ বিতরণের পরিমাণ ৬৫,০৯,০০০/- টাকা। চলতি মাসে ঋণ আদায়ের পরিমাণ ৩১,৮৯৭/- টাকা। এ পর্যন্ত মোট ঋণ আদায়ের পরিমাণ ৫৩,৩১,০৪৬/- টাকা। মোট অনাদায়ী ঋণের পরিমাণ ১১,৭৭,৯৫৪/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার। |
| ১৬ | উপজেলা রিসোর্স সেন্টার:<br>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান, জানুয়ারি ২০২২ মাসে ০৫টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। এ ছাড়াও, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১৭ | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ):<br>আবাসিক প্রকৌশলী (ওজোপাডিকো লিঃ) সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ)। |
| ১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ:<br>ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, শৈলকুপা। |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান দপ্তর:<br>অনুপস্থিত। দাপ্তরিক আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার। |
| ২০ | ক) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার দপ্তর (বিআরডিবি):<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(BRDB) জানান, মোট সমিতির সংখ্যা ১১২টি। তার বিপরীতে সদস্য সংখ্যা ৩৭৬২ জন। জানুয়ারি ২০২২ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ২২,৭৫,০০০/- টাকা এবং আদায়কৃত ঋণের পরিমাণ ১৭,১৭,০০০/- টাকা। মোট অনাদায়ী ঋণের পরিমাণ ৩,৪০,৬৩,০০০/- টাকা। তাছাড়া ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথানিয়মে পরিচালিত হচ্ছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| | খ) পল্লী জীবিকায়ন কর্মসূচী (পজীক):<br>প্রকল্প কর্মকর্তা (পজীক) জানান, মোট সমিতির সংখ্যা ১১৭ টি তার বিপরীতে সদস্য সংখ্যা ৩৯২০ জন। জানুয়ারি ২০২২ মাসে কোন ঋণ বিতরণ করা হয়নি তবে আদায়কৃত ঋণের পরিমাণ ২,৮২,০০০/- টাকা। এ পর্যন্ত মোট অনাদায়ী ঋণের পরিমাণ ৮৮,০৭,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | প্রকল্প কর্মকর্তা (পজীক) |
| ২১ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৬৪ টি সরকারি হস্তচালিত/সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৬৪ টি সরকারি হস্তচালিত/সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর ও অগভীর নলকূপ স্থাপনের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় অত্র উপজেলার প্রতিটি ইউনিয়নে ২৫০০টি টিউবওয়েলের পানি ফিল্ড কীট টেস্টের মাধ্যমে পরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২২টি নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। তাছাড়া জিপিএস, এনএনজিপিএস ও পিইডিপি-৪ প্রকল্পের আওতায় শৈলকুপা উপজেলায় প্রাথমিক বিদ্যালয়সমূহে মোট ২৮টি আরসিসি ওয়াস ব্লক নির্মান কাজ চলমান রয়েছে এবং নিরাপদ খাবার পানি সরবরাহের জন্য মোট ৩০টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ ও ওয়াস বেসিন স্থাপন কাজ চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) প্রকল্পসমূহের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |

| | | | |
|---|---|---|---|
| ২২ | আমার বাড়ি আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক):<br>শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প(পল্লী সঞ্চয় ব্যাংক) সভায় জানান, এ উপজেলায় মোট সমিতির সংখ্যা ৩৮০টি। যার বিপরীতে সমিতির মোট সদস্য সংখ্যা ১৬৪২৭ জন। জানুয়ারি ২০২২ মাসে বিতরণকৃত ঋণের পরিমাণ ১,৫৬,৪৯,০০০/- টাকা এবং ঋণ আদায় ১,৭৩,৬৪,০০০/- টাকা। তাছাড়া এ পর্যন্ত মোট খেলাপির পরিমাণ ৯,৬৬,৯৯,০০০/- টাকা। এ পর্যন্ত মোট সঞ্চয় আদায় ১০,৬৭,২৯,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ প্রদান ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আবাআখা প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক । |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):<br>ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সভায় জানান, ২০২০-২০২১ অর্থ বছরে ৫ম পর্যায়ে অত্র উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় উপজেলা পরিষদ কর্তৃক ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার সক্ষমতা উপপ্রকল্প প্রস্তাবনা প্রকল্পের কেন্দ্রীয় অফিসে প্রেরণ করা হয়েছে। অনুমোদন পাওয়া গেলে প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। তিনি আরও জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্পের যাচাই-বাছাই প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। বাছাইকৃত অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্পগুলো (পরিশিষ্ট-খ) পরিষদের সভায় অনুমোদনের পর প্রকল্পের কেন্দ্রীয় অফিসে অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। | ক) প্রেরিত সক্ষমতা উপপ্রকল্পগুলোর বিপরীতে বরাদ্দ প্রাপ্তির পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ এবং অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্পগুলো অনুমোদনপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বিধি মোতাবেক প্রকল্পসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং ইউডিএফ । |
| ২৪ | পল্লী দারিদ্র্য বিমোচন দপ্তর:<br>অনুপস্থিত। দাপ্তরিক আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, শৈলকুপা। |
| ২৫ | উপজেলা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র:<br>উপজেলা প্রতিবন্ধী কর্মকর্তা সভায় জানান, গত ৭ ফেব্রুয়ারির ২০২২ তারিখে যথাযথভাবে বাংলা ইশারা ভাষা দিবস ২০২২ উদযাপন করা হয়েছে। তাছাড়া জানুয়ারি ২০২২ মাসে নতুন রেজিস্ট্রেশনকৃত প্রতিবন্ধী ও অপ্রতিবন্ধী সেবা গ্রহীতার সংখ্যা ৪৬ এবং নতুন ও পুরাতন সেবা গ্রহীতাদের প্রদত্ত সেবার সংখ্যা ১৮০২। নতুন রেজিস্ট্রেশনকৃত প্রতিবন্ধীতা সনাক্তকরণ জরিপের কাজ চলামান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা। |
| ২৬ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর :<br>উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান, ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০২১-২০২২ এর ৭ম ও ৮ম ধাপের নির্বাচনে নিয়োজিত ৩৪০জন আনসার সদস্যরা যথাযথভাবে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে দায়িত্ব পালন করেছেন। এ ছাড়াও দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠু ও সাভাবিকভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |
| ২৭ | বন বিভাগ:<br>অনুপস্থিত। দাপ্তরিক আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, বন বিভাগ। |
| ২৮ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন:<br>প্রতিনিধি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, শৈলকুপা সভায় জানান, জানুয়ারি ২০২২ মাসে অগ্নিকান্ড সংঘটিত হয়েছে ০২ টি এবং ০২টি সড়ক দুর্ঘটনায় আহত হয়েছে ০২ জন। তাছাড়া জানুয়ারি ২০২২ মাসে ০২ টি মহড়া অনুষ্ঠিত হয়েছে ও ০২ গণসংযোগ করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, শৈলকুপা। |

| | | | |
|---|---|---|---|
| ২৯ | <u>ইসলামিক ফাউন্ডেশন:</u><br>ফিল্ড সুপারভাইজার, ইসলামি ফাউন্ডেশন সভায় জানান, করোনা ভাইরাস সংক্রমণের প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় সকল মসজিদে মুসল্লিদের অবশ্যই মাস্ক পরে আসতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। তিনি এ ব্যাপারে ইমামগণকে মসজিদে সচেতনতামূলক অলোচনার জন্য সভার মাধ্যমে অনুরোধ জানান। তিনি আরও জানান, অত্র উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ চলমান রয়েছে, এজন্য যাওয়া আসার পথে তদারকি করার জন্য সকলকে সভার মাধ্যমে অনুরোধ জানান। তাছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন। |
| ৩০ | <u>উপজেলা তথ্য আপা প্রকল্প:</u><br>উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান, জানুয়ারি ২০২২ মাসে আবাইপুর ইউনিয়নের মালাইনগর ও উমেদপুর ইউনিয়নের বিষ্ণুপুর গ্রামে ডোর টু ডোর সেবার মাধ্যমে মহিলাদের করোনা ভ্যাকসিন নিবন্ধন করা হয়েছে এবং ডায়াবেটিস, প্রেসার ও উচ্চতা পরিমাপসহ ইন্টারনেট ভিত্তিক সেবা প্রদান করা হয়েছে। তাছাড়াও উঠান বৈঠক এর মাধ্যমে বাল্য বিবাহ ও নারী নির্যাতন সম্পর্কে সচেতন মহিলাদেরকে সচেতন করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা। |
| ৩১ | বিবিধ:<br>ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২. ০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারিকৃত সরকারি হাট-বাজারসমূহের ইজারা পদ্ধতি, ব্যবস্থাপনা এবং ইজারালব্ধ অর্থ বন্টন সংক্রান্ত নীতিমালা অনুযায়ী উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন হাট-বাজারসমূহ বাংলা ১৪২৯ সনের ইজারা প্রদানের লক্ষ্যে ২৪/০১/২০২২ তারিখের ০৫.৪৪.৪৪৮০.০০০.০৫.০০২.২২-৭০ নং স্মারকে ইজারা বিজ্ঞপ্তি জারী করা হয়। ইজারা বিজ্ঞপ্তিটি নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট সকল জায়গায় প্রেরণ ও প্রচার করা হয় এবং বিজ্ঞপ্তিটি দৈনিক জাতীয় " খবরপত্র" এবং স্থানীয় "নবচিত্র" পত্রিকায় ০১/০২/২০২২ তারিখে প্রকাশ করা হয়। এছাড়া ইজারা বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েব পোর্টালে প্রকাশ করা হয়। নীতিমালা মোতাবেক দরপত্র সিডিউল বিক্রয়ের জন্য ৩১/০১/২০২২ খ্রিঃ তারিখের ০৫.৪৪.৪৪৮০.০০০.০৫.০০২.২২-৯৫(যুক্ত) নং স্মারকে জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে এবং ৩১/০১/২০২২ খ্রিঃ তারিখের ০৫.৪৪.৪৪৮০.০০০.০৫.০০২.২১-৯৬(যুক্ত) নং স্মারকে উপজেলা ভূমি অফিস, সোনালী ব্যাংক ও শৈলকুপা থানায় প্রেরণ করা হয়। জারীকৃত ইজারা বিজ্ঞপ্তি মোতাবেক ১ম পর্যায়ে ২২/০২/২০২২ তারিখে ২৭ টি হাটের বিপরীতে ২০ টি হাটের অনুকূলে সর্বমোট ৩১টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত ২০টি হাটের অনুকুলে প্রাপ্ত সর্বোচ্চ দর কাঙ্ক্ষিত সরকারি মূল্যের বেশি হওয়ায় এ সংক্রান্ত দরপত্র মূল্যায়ন কমিটি **"পরিশিষ্ট- গ"** তে উল্লিখিত ২০টি হাটের ইজারা অনুমোদনের জন্য সুপারিশ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>তিনি আরও জানান, অবশিষ্ট ০৭টি হাটের ইজারা বন্দোবস্তের কার্যক্রম (২য় পর্যায়) অব্যাহত রাখা যেতে পারে। ২য় পর্যায়ে দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ০৯/০৩/২০২২ নির্ধারণ করা আছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত "পরিশিষ্ট- গ"- এ উল্লিখিত সর্বোচ্চ দরদাতাদের অনুকূলে ইজারা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) অবশিষ্ট ০৭ টি হাটবাজার ইজারা বন্দোবস্তের লক্ষ্যে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>ইউপি চেয়ারম্যান (সকল)। |
| | খ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের পুরাতন, জরাজীর্ণ ও পরিত্যক্ত অফিস ভবন এবং হলরুম প্রাক্কলিত মূল্যে অথবা সর্বোচ্চ দর নিশ্চিত করে এ সংক্রান্ত সকল বিধিবিধান/পরিপত্র/সারকুলার যথাযথভাবে অনুসরণপূর্বক নিলাম বিক্রয়ের জন্য স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখার ২৩ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৪২.১২.৩৩৩ নং স্মারকমূলে প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) এ সংক্রান্ত সকল বিধিবিধান/পরিপত্র/সারকুলার যথাযথভাবে অনুসরণপূর্বক নিলাম বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, শৈলকুপা। |

| | | | |
|---|---|---|---|
| | গ) সদস্য সচিব, উপজেলা সেচ কমিটি সভায় জানান, অত্র উপজেলায় সেচ যন্ত্রের লাইসেন্স প্রাপ্তির জন্য ১৭টি আবেদনপত্র (পরিশিষ্ট-ঘ মোতাবেক) পাওয়া গেছে। প্রাপ্ত আবেদনপত্রগুলো সরেজমিনে যাচাই-বাছাই অন্তে যথাযথ পাওয়া গেছে। সেচযন্ত্রের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে নীতিমালা মোতাবেক আবেদনপত্রগুলো উপজেলা পরিষদ সভায় অনুমোদনের বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) সেচ যন্ত্রের লাইসেন্স প্রদানের নীতিমালা অনুযায়ী যাচাই-বাছাই অন্তে আবেদনপত্রগুলো যথাযথ হওয়ায় আবেদনকারী ১৭ জনের নামে লাইসেন্স প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব উপজেলা সেচ কমিটি। |
| | ঘ) উপজেলা পরিষদের জরুরী প্রয়োজনে নিম্নবর্ণিত অর্থ ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>১) জানুয়ারি ২০২২ মাসে উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস ও বাসভবন সংলগ্ন অফিসে ইন্টারনেট সংযোগ = ৩২০০/- টাকা।<br>২) উপজেলা চেয়ারম্যান কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জানুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত বিভিন্ন সভার আপ্যায়ন ব্যয় =৩০,০০০/-<br>৩) উপজেলা পরিষদ কার্যালয়ের জানুয়ারি ২০২২ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- টাকা।<br>৪) উপজেলা পরিষদ জীপগাড়ির জানুয়ারি ২০২২ মাসের জ্বালানি তেল খরচ বাবদ ব্যয় = ২২১৭১/- টাকা।<br>৫) উপজেলা পরিষদ কার্যালয়ে দৈনিক মজুরি ভিত্তিতে নিযুক্ত মালী ও সুইপারের জানুয়ারি/২০২২ মাসে যথাক্রমে (২৭+২৭)= ৫৪ দিনের মজুরি বাবদ= ২৯৭০০/- টাকা।<br>৬) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের ডিসেম্বর/২১ ও জানুয়ারি/২২ মাসের বাসাভাড়া পরিশোধ বাবদ ব্যয় = ১০,০০০/- টাকা।<br>৭) উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহারের জন্য একটি ইলেক্ট্রিক কেতলি ক্রয়, বাথরুমের পুশ শাওয়ার এবং একটি গ্রেট বাল্ব ক্রয় ও স্থাপন ব্যয় = ৩,০১০/- টাকা।<br>৮) উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহৃত কম্পিউটারের এন্টি ভাইরাস ক্রয় ও সেটাপ এবং প্রিন্টারের টোনার ক্রয় বাবদ ব্যয়= ৩,৫৪০/- টাকা।<br>৯) উপজেলা চেয়ারম্যান ও উপজেলা ভাইস চেয়ারম্যানের জুলাই-ডিসেম্বর/২১ পর্যন্ত সময়ের ভ্রমণ খাতে যথাক্রমে (৪৩,১২৫ + ৩৫,২৫০) = ৭৮৩৭৫/- টাকা ব্যয়।<br>১০) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার অফিসে ব্যবহৃত ল্যাট্রিনে নতুন পাইপ স্থাপনসহ মেরামত এবং সেফটি ট্যাংকির ময়লা পরিষ্কার বাবদ ব্যয় = ৬২৯০/- টাকা। | বর্ণিত ব্যয়সমূহ সভায় অনুমোদন করা হয়। | |
| | ঙ) Autism এবং Neurodevelopment Disorder (NDD) এর বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ২৭.০১.২০১৮ তারিখের ২৬২ নং স্মারকপত্রে, ১৪.০২.২০১৯ এবং ০৩.০৪.২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ক) সরকারি নির্দেশনা অনুযায়ী উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করবেন। | উপজেলা সমাজসেবা ও প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা। |
| | চ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, বিভিন্ন সামাজিক সমস্যা যেমন, বাল্যবিবাহ প্রতিরোধ, মাদক ব্যবসায়ী ও সেবনকারী, অবৈধ দখলদার, নদী হতে অবৈধভাবে বালি উত্তোলন এবং সরকারি সম্পত্তি জবর-দখলসহ বিভিন্ন সমস্যার সমাধানকল্পে জনসাধারণ কল সেন্টার ৩৩৩ এর মাধ্যমে প্রতিকার পেতে পারেন। এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান, প্রকাশনা, সভা সমাবেশ, বিভিন্ন ইভেন্ট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) ইউপি চেয়ারম্যানগণ বিভিন্ন অনুষ্ঠান, প্রকাশনা, সভা সমাবেশ, বিভিন্ন ইভেন্ট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণা অব্যাহত রাখবেন। | উপজেলা নির্বাহী অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল)। |
| | ছ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় যৌতুকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির নিয়মিত সভা সমাবেশ ও বাল্যবিয়ে রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল ইউ.পি চেয়ারম্যানকে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) ইউপি চেয়ারম্যানগণ যৌতুক প্রদান ও বাল্য বিবাহ রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত সভা সমাবেশ অব্যাহত রাখবেন। | সকল ইউপি চেয়ারম্যান |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শেফালী 28/02/2022

মোছাঃ শেফালী বেগম
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং : ০৫.৪৪.৪৪৮০.০০০.০৪.০০১.২০-২১৩(৮০)

তারিখ : ০২/০৩/২০২২ খ্রিঃ।
১৭ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য :

০১। জনাব মোঃ আব্দুল হাই, মাননীয় সংসদ সদস্য, ৮১ ঝিনাইদহ-১।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৬। উপসচিব (জেলা প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০৭। মেয়র, শৈলকুপা পৌরসভা, শৈলকুপা।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা।

অনুলিপি কার্যার্থে :

০৯। চেয়ারম্যান,................................(সকল) ইউ,পি, শৈলকুপা।
১০। উপজেলা...................................কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
১১। .............................................................................. ...।

02/03/2022

কানিজ ফাতেমা লিজা
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।

ফেব্রুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে ও জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) (পরিশিষ্ট-ক) :

| ক্রমিক নং | নাম | পদবী | উপস্থিত(√) |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ জাহিদুন্নবী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা। | √ |
| ০২ | জনাব মোঃ সেকেন্দার আলী মোল্যা | চেয়ারম্যান, ১নং ত্রিবেনী ইউপি। | √ |
| ০৩ | জনাব মোঃ ফিরোজ আহমেদ | চেয়ারম্যান, ২নং মির্জাপুর ইউপি। | √ |
| ০৪ | জনাব মোঃ জিল্লুর রহমান | চেয়ারম্যান, ৩নং দিগনগর ইউপি। | √ |
| ০৫ | জনাব মোঃ সালাহ উদ্দীন জোয়ার্দ্দার | চেয়ারম্যান, ৫নং কাঁচেরকোল ইউপি। | √ |
| ০৬ | জনাব মোঃ মাহামুদুল হাসান | চেয়ারম্যান, ৬নং সারুটিয়া ইউপি। | √ |
| ০৭ | জনাব মোঃ কামরুজ্জামান (জিকু) | চেয়ারম্যান, ৭নং হাকিমপুর ইউপি। | √ |
| ০৮ | জনাব মোঃ মতিয়ার রহমান | চেয়ারম্যান, ৮নং ধলহরাচন্দ্র ইউপি। | √ |
| ০৯ | জনাব মোঃ শফিকুল ইসলাম | চেয়ারম্যান, ১০নং বগুড়া ইউপি। | √ |
| ১০ | জনাব মোঃ হেলাল উদ্দীন | চেয়ারম্যান, ১১নং আবাইপুর ইউপি। | √ |
| ১১ | জনাব মোঃ সান্দার হোসেন মোল্যা | চেয়ারম্যান, ১৩নং উমেদপুর ইউপি। | √ |
| ১২ | জনাব মোঃ সাহাবুদ্দিন সাবু | চেয়ারম্যান, ১৪নং দুধসর ইউপি। | √ |
| ১৩ | জনাব মোঃ আওলাদ হোসেন | চেয়ারম্যান, ১৫নং ফুলহরি ইউপি। | √ |
| ১৪ | ডাঃ মোঃ আজিজুর রহমান | প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ, শৈলকুপা। | √ |
| ১৫ | জনাব মোঃ আকরাম হোসেন | উপজেলা কৃষি অফিসার, শৈলকুপা। | √ |
| ১৬ | জনাব ডাঃ মোঃ মামুন খান | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শৈলকুপা। | √ |
| ১৭ | জনাব মোঃ মাহফুজুর রহমান | প্রতিনিধি, উপজেলা প্রকৌশলী দপ্তর, শৈলকুপা। | √ |
| ১৮ | জনাব আব্দুল্লাহ হেল আল-মাসুম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, শৈলকুপা। | √ |
| ১৯ | জনাব মোঃ ওয়ালিউর রহমান | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শৈলকুপা। | √ |
| ২০ | জনাব মোঃ মাসুদ আহমেদ | উপজেলা সমাজসেবা অফিসার, শৈলকুপা। | √ |
| ২১ | জনাব মোঃ কামরুল হাসান | পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, শৈলকুপা। | √ |
| ২২ | জনাব মোঃ ওবায়দুর রহমান | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীক), শৈলকুপা। | √ |
| ২৩ | জনাব দীপংকর | প্রতিনিধি, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শৈলকুপা । | √ |
| ২৪ | জনাব মোঃ মুজিবুর রহমান | উপজেলা সমবায় অফিসার, শৈলকুপা। | √ |
| ২৫ | জনাব জুয়েল আহম্মেদ | উপজেলা নির্বাচন অফিসার, শৈলকুপা। | √ |
| ২৬ | জনাব মোঃ শামীম আহম্মেদ খান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শৈলকুপা। | √ |
| ২৭ | জনাব মোঃ রাকিবুল ইসলাম | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শৈলকুপা। | √ |
| ২৮ | জনাব মোঃ শামীম শরীফ | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), শৈলকুপা। | √ |
| ২৯ | জনাব মোঃ ইসরাইল হোসেন | উপজেলা শিক্ষা অফিসার, শৈলকুপা। | √ |
| ৩০ | জনাব মোঃ মিজানুর রহমান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শৈলকুপা। | √ |
| ৩১ | জনাব মোঃ আসিফ আলম | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), শৈলকুপা। | √ |
| ৩২ | জনাব মোঃ হাফিজ আল আসাদ | উপজেলা প্রতিবন্ধী কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| ৩৩ | জনাব কাজী এহতেশামুল হক | ইন্সট্রাক্টর, ইউআরসি, শৈলকুপা। | √ |
| ৩৪ | জনাব মোঃ আক্কাচ আলী | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, শৈলকুপা। | √ |
| ৩৫ | জনাব মোঃ মিজানুর রহমান | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শৈলকুপা। | √ |
| ৩৬ | এস এম কামরুল হাচান | প্রতিনিধি, ইসলামী ফাউন্ডেশন, শৈলকুপা। | √ |
| ৩৭ | জনাব মোঃ হাসান মিয়া | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শৈলকুপা। | √ |
| ৩৮ | জনাব রোকেয়া খাতুন | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, শৈলকুপা। | √ |
| ৩৯ | জনাব কামরুন নাহার | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, শৈলকুপা। | √ |
| ৪০ | এসএম আব্দুল্লাহ আল মামুন | উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, ঝিনাইদহ ইউনিট। | √ |
| ৪১ | জনাব ইন্দিনা কাদির | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| | | **অনুপস্থিত** | |
| ০১ | মোছাঃ নিলুফা ইয়াছমিন | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা। | × |
| ০২ | জনাব মিঠুন বিশ্বাস | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, শৈলকুপা। | × |
| ০৩ | জনাব মোখলেসুর রহমান | ফরেস্টার, শৈলকুপা বনায়ন কেন্দ্র। | × |
| ০৪ | জনাব উত্তম কুমার সাহা | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার, শৈলকুপা। | × |
| ০৫ | জনাব মুহাম্মদ ওয়ালিউর রহমান | উপজেলা পরিসংখ্যান অফিসার, শৈলকুপা। | × |
| ০৬ | রোকাইয়া তানজিলা | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শৈলকুপা। | × |
| ০৭ | জনাব মোঃ তৌফিকুজ্জামান | উপসহকারী প্রকৌশলী, পাউবো, শৈলকুপা। | × |
| ০৮ | জনাব মোঃ গোলাম সরোয়ার | উপজেলা মৎস্য কর্মকর্তা, শৈলকুপা। | × |

পরিশিষ্ট-গ

**বাংলা ১৪২৯ সালের ইজারার জন্য ২২/০২/২০২২ খ্রিঃ তারিখে প্রাপ্ত সর্বোচ্চ দরদাতাদের তালিকা ও সর্বোচ্চ দর:**

| ক্রঃ নং | হাটবাজারের নাম | ১৪২৯ সরকারি মূল্য | দরপত্র দাখিলকারীর নাম-ঠিকানা | দাখিলকৃত দর |
|---|---|---|---|---|
| ১ | শেখপাড়া সাধারণ হাট | ৭,২৬,১০০.০০ | মোঃ আঃ হাকিম মোল্যা,পিতা- মৃত মানা উল্লা মোল্লা গ্রাম-শেখপাড়া, শৈলকুপা | ৭,২৬,৫০০/- |
| ২ | নিশ্চিন্তপুর পশু হাট | ১,৯৭,০০১.০০ | মোঃ ইদ্রিস আলী, পিতা- ইসহাক আলী, সাং- কৃষ্ণনগর, অচিন্ত্যপুর, শৈলকুপা | ২,৮০,০০০/- |
| ২ | রামচন্দ্রপুর সাধারণ হাট | ৩৯৬৮.০০ | মোঃ পারভেজ,পিতা- মোঃ রেজাউল ইসলাম,গ্রাম- রামচন্দ্রপুর | ৪,০০০/- |
| ৪ | আলমডাঙ্গা সাধারণ হাট | ৯,৯৭৭.০০ | মোঃ আশরাফুল ইসলাম,পিতা- মোঃ ওজিবর লস্কর সাং-গোলকনগর, শৈলকুপা | ১০,০০০/০০ |
| ৫ | চড়িয়ারবিল সাধারণ হাট | ২,৫১,৬০৯.০০ | মোঃ আসাদুজ্জামান,পিতা- মোঃ তবিবর রহমান,গ্রাম- মির্জাপুর | ২,৫২,০০০/- |
| ৬ | আগুনিয়াপাড়া সাঃ হাট | ৩,৬৬৬.০০ | মোঃ শফি উদ্দীন মোল্লা,পিতা- ইয়াকুব মোল্লা,সাং-আগুনিয়াপাড়া | ৩,৬৭০/- |
| ৭ | কাঁচেরকোল পশু হাট | ১৫,৮২৫.০০ | মোঃ নাঈমুর রশীদ,পিতা- মোঃ জামিল রশীদ,সং- কাঁচেরকোল | ২৬,৭০০/- |
| ৮ | কাঁচেরকোল সাধাঃ হাট | ১৯,১২১.০০ | মোঃ আবু সাঈদ, পিতা- মোঃ মমরেজ শেখ, সাং-কাঁচেরকোল | ৪৬,০০০/- |
| ৯ | কচুয়া সাধারণ হাট | ৫৭,২৪০.০০ | মোঃ শফি কামাল, পিতা- মোঃ আঃ সাত্তার,সাং- খন্দকবাড়ীয়া | ১,১০,৫০০/- |
| ১০ | কাতলাগাড়ী পশু হাট | ১৮,১২,৩৬০.০০ | মোঃ আমজাদ হোসেন, পিতা- শাহাদত হোসেন গ্রাম- পুরাতন বাখরবা | ১৮,১২,৩৬১/- |
| ১১ | খুলুমবাড়িয়া সাধাঃ হাট | ৭৩,৭০৫.০০ | মোঃ লিটন শিকদার, পিতা- মৃত কাদের শিকদার, গ্রাম- নলকোলা, শৈলকুপা | ৭৩,৮০০/- |
| ১২ | সাধুহাটি সাধারণ হাট | ৬,৪৩২.০০ | মোঃ তোজাম্মেল হোসেন, পিতা- মৃত আব্দুর রহমান,সাং- সাধুহাটী | ৬,৫০০/- |
| ১৩ | নাগিরাট সাধারণ হাট | ৮,৬৯২.০০ | মাহাবুব মিয়া, পিতা- আবুল বাসার মিয়া, সাং- নাগিরাট,শৈলকুপা | ১০,০০০/- |
| ১৪ | হাটফাজিলপুর সাঃ হাট | ৯,৪৫,১৬৭.০০ | মোঃ আমজাদ মোল্যা, পিতা- মৃত নেওয়াজ উদ্দীন মোল্যা গ্রাম- পাঁচপাখিয়া, শৈলকুপা | ১০,০০,০০০/- |
| ১৫ | শেখরা সাধারণ হাট | ৬১,৮৫১.০০ | মোঃ আনারুল মোল্যা, পিতা- মোঃ আব্দুল গফুর মোল্যা সাং-শেখরা, শৈলকুপা | ৬২,০০০/- |
| ১৬ | বাগুটিয়া সাধারণ হাট | ৩৮,০৩৮.০০ | মোঃ ওহিদুল ইসলাম, পিতা- মৃত মনির উদ্দিন মন্ডল গ্রাম- দক্ষিণ গোপালপুর, শৈলকুপা | ৩৮,১০০/- |
| ১৭ | বিএলকে সাঃ হাট | ৭,৪০৩.০০ | মান্নান, পিতা- তহিজাল মন্ডল, গ্রাম-কৃষ্ণপুর, ডাক- রয়েড়া | ৭,৪১৩/- |
| ১৮ | নাকোইল সাধারণ হাট | ৪,৭৭৪.০০ | জাহিদুল ইসলাম, পিতা- তোফাজ্জেল হোসেন, সাং- নাকোইল | ১৩,৩০০/- |
| ১৯ | ফুলহরি পুরাতন হাট | ১৯,২৯০.০০ | মোঃ শামীম বিশ্বাস, পিতা- মোঃ মসলেম উদ্দীন বিশ্বাস সাং- ফুলহরি, শৈলকুপা | ৩০,১০০/- |
| ২০ | ফুলহরি নতুন হাট | ২৮,৩৩০.০০ | মোঃ শামীম বিশ্বাস, পিতা- মোঃ মসলেম উদ্দীন বিশ্বাস সাং- ফুলহরি, শৈলকুপা | ৩০,২০০/- |

পরিশিষ্ট- "ঘ"

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন**
উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) এর কার্যালয়
ঝিনাইদহ ইউনিট, ঝিনাইদহ।
www.badc.gov.bd

"কৃষিই সমৃদ্ধি"

স্মারক নং- ৯৬৩

তারিখঃ ১৫/২/২০২২

বরাবর
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।
ও
সভাপতি
উপজেলা সেচ কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ।

১৬/০২/২০২২
কানিজ ফাতেমা লিজা
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।

বিষয়ঃ সেচ যন্ত্রের লাইসেন্সের আবেদন তদন্ত পূর্বক তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শৈলকুপা উপজেলার সেচযন্ত্রের লাইসেন্সের আবেদনপত্র যাচাই বাছাই পূর্বক ১৪(চৌদ্দ) টি লাইসেন্স ও ০৩(তিন) টি লাইসেন্স নবায়নের জন্য সরেজমিনে তদন্ত করে সঠিক ও যথাপোযুক্ত হওয়ায় অনুমোদনের জন্য সমন্বয় সভায় উপস্থাপন করার জন্য নিম্নোক্ত ছক পূরণ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার দপ্তরে প্রেরণ করা হলো।

**সেচযন্ত্রের লাইসেন্সের আবেদনপত্রের তালিকাঃ**

| ক্রমিক নং | আবেদনকারীর নাম ও পিতার নাম | মৌজার নাম | জেএল নং | খতিয়ান নং | দাগ নং | সেচযন্ত্রের ধরণ | রশিদ নং | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | সেলিম আহম্মেদ<br>পিতাঃ হামিদ বিশ্বাস | রুপদাহ | ১৭৩ | ৩০২ | ২৫৬ | অগভীর নলকূপ | ৯৩৭ | ২০০/- | |
| ২ | মোছাঃ জয়নব বেগম<br>স্বামীঃ মৃত মুন্সী সামছুরজ্জোহা | মৌকুড়ী | ৫৩ | ৪৫৬ | ৭২০ | অগভীর নলকূপ | ৯৬৯ | ২০০/- | |
| ৩ | মোঃ জামাল উদ্দীন খাঁন<br>পিতাঃ মৃত মাহাতাব উদ্দীন খাঁন | মালথিয়া | ৯৮ | ৭৩৪ | ১৬৭৬ | অগভীর নলকূপ | ৯৬৪ | ২০০/- | |
| ৪ | মোঃ শফি উদ্দীন<br>পিতাঃ আহম্মদ আলী | ধাওড়া | ৯১ | ৮৯৯ | ৩১১৪ | অগভীর নলকূপ | ৯৪৮ | ২০০/- | |
| ৫ | মোঃ শাহিন<br>পিতাঃ শাহাদৎ জোয়ার্দ্দার | ভান্ডারীয়াপাড়া | ১৬৭ | ১১০৩ | ৬৫৩০ | অগভীর নলকূপ | ৯৬৬ | ২০০/- | |
| ৬ | আবুবকর সিদ্দিক<br>পিতাঃ রহিম উদ্দীন মন্ডল | রাজনগর | ১০ | ৪৭ | ১৩৫৩ | অগভীর নলকূপ | ৯৬৫ | ২০০/- | |
| ৭ | মোঃ নাসির উদ্দীন শাহ<br>পিতাঃ মজিবর রহমান শাহ | দুধসর | ১৪২ | ৩৪০ | ৬৮৮১ | অগভীর নলকূপ | ৯৭২ | ২০০/- | |
| ৮ | মোঃ মিজানুর রহমান মিটু<br>পিতাঃ মোঃ আতর আলী | বৃত্তি রড়দাহ | ৪২ | ৪৭ | ২৪১৫ | অগভীর নলকূপ | ৯৫৬ | ২০০/- | |
| ৯ | মোঃ খাইরুল ইসলাম<br>পিতাঃ ভজন মোল্লা | দুধসর | ১৪২ | ৭১৮ | ৯৩৫ | অগভীর নলকূপ | ৯৭৪ | ২০০/- | |
| ১০ | মোঃ তাহাজ উদ্দীন<br>পিতাঃ মৃত শুকুর মন্ডল | কুল চারা | ১৩৮ | ১০৩২ | ২২৬৫ | অগভীর নলকূপ | ৯৭৩ | ২০০/- | |
| ১১ | মোঃ আসাদুসজ্জামান<br>পিতাঃ নুরুল ইসলাম | কচুয়া | ১৪৬ | ১৭৮ | ১৬৯ | অগভীর নলকূপ | ৯৬৩ | ২০০/- | |
| ১২ | মোঃ আছিয়ার রহমান শেখ<br>পিতাঃ মৃত আফিছার শেখ | ডাউটিয়া | ৯৬ | ১৬৪৮ | ৩২৮৭ | অগভীর নলকূপ | ৯৫৪ | ৩০০+২০০=৫০০/- | |
| ১৩ | মোঃ উকিল উদ্দীন মোল্লা<br>পিতাঃ মৃত দরবেশ মোল্লা | নবগ্রাম | ৫৪ | ৫৩ | ৩৮০৪ | অগভীর নলকূপ | ৯৬০ | ২০০/- | |
| ১৪ | মোঃ আয়ুব আলী<br>পিতাঃ মৃত জোনাব আলী | হিতামপুর | ৬৭ | ৩০৮ | ৫৮৭ | অগভীর নলকূপ | ৮৮৬ | ২০০/- | |
| ১৫ | মোঃ রাজু আহম্মেদ<br>পিতাঃ মোঃ বাবুল কাজী | গোপালপুর | ৩৫ | ৫৭ | ৩৬২ | অগভীর নলকূপ | ৯১৬ | ২০০/- | নবায়ন |
| ১৬ | মোঃ উজ্জল হোসেন<br>পিতাঃ মৃত আত্তাফ উদ্দিন বিশ্বাস | উত্তর রোয়ালিয়া | ২১ | ১০৫৬ | ২২৯৮ | অগভীর নলকূপ | ৯২৪ | ২০০/- | নবায়ন |
| ১৭ | মোঃ জাহাঙ্গীর<br>পিতাঃ মৃত বিসারত মন্ডল | বাগুটিয়া | ১৬৬ | ৩৬ | ১৯২৬ | অগভীর নলকূপ | ৯২৫ | ২০০/- | নবায়ন |

১৫/২/২০২২
(এস,এম আব্দুল্লাহ আল মামুন)
উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)
বিএডিসি, ঝিনাইদহ ইউনিট, ঝিনাইদহ